

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাদরাসা শিক্ষা অধিদপ্তর
রেডক্রিসেন্ট বোরাক টাওয়ার, লেভেল-০৩
৩৭/৩/এ, ইস্কাটন গার্ডেন রোড, রমনা, ঢাকা-১০০০
www.dme.gov.bd

স্মারক নং-৫৭.২৫.০০০০.০০৪.০২.০৬১.১৭-১২৬

তারিখ: ১৭.০৭.২০১৮ খ্রিঃ

বিষয়: এমপিওভুক্ত বেসরকারি মাদরাসা শিক্ষা প্রতিষ্ঠানে নিয়োগপ্রাপ্ত ও কর্মরত এমপিওবিহীন সহকারী শিক্ষক, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি(কম্পিউটার), সহকারী শিক্ষক(বিজ্ঞান) এবং আলিম স্তরে প্রভাষক (বিজ্ঞান এবং তথ্য ও যোগাযোগ প্রযুক্তি) শিক্ষকদের তথ্য যাচাই-বাছাইপূর্বক ছক মোতাবেক প্রেরণ প্রসঙ্গে।

সূত্র: (১) অর্থ বিভাগের স্মারক নং-০৭.০০.০০০০.১০২.০২০.০১০.২০১৭-৬০৪

তারিখ: ২০.০৯.২০১৭ খ্রি.

(২) কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়ের মাদ্রাসা শাখা-২ এর স্মারক নং-৫৭.০০.০০০০.০৮৫.৫২.০২.২০১৭(অংশ-২)-২৪০,

তারিখ: ২২.০৫.২০১৮ খ্রি.

(৩) কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়ের মাদ্রাসা শাখা-২ এর স্মারক নং-৫৭.০০.০০০০.০৮৫.৫২.০২.২০১৭(অংশ-৩)-২৯৮,

তারিখ: ১৬.০৭.২০১৮ খ্রি.

উপর্যুক্ত বিষয় ও সূত্রের আলোকে সংশ্লিষ্ট সকলের সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে জানানো যাচ্ছে যে, এমপিওভুক্ত বেসরকারি মাদরাসা শিক্ষা প্রতিষ্ঠানে নিয়োগপ্রাপ্ত ও কর্মরত এমপিওবিহীন সহকারী শিক্ষক, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি(কম্পিউটার), সহকারী শিক্ষক(বিজ্ঞান) এবং আলিম স্তরে প্রভাষক (বিজ্ঞান এবং তথ্য ও যোগাযোগ প্রযুক্তি) শিক্ষকদের এমপিও প্রদানের বিষয়ে কিছু পর্যবেক্ষণ দেয়া হয়। তার আলোকে যাচাই-বাছাইঅন্তে সূত্রোক্ত (২) নং স্মারকে মোট ১,২২৮(এক হাজার দুইশত আটশ)জন শিক্ষককে এমপিও প্রদানে কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয় কর্তৃক সম্মতি দেয়া হয়েছে।

০২. উল্লেখিতমতে সম্মতি প্রদানের পরে ১৩.১১.২০১১খ্রি. তারিখের পূর্বে এবং এ সময়ের পরে নিয়োগপ্রাপ্ত ও কর্মরত এমপিওভুক্ত হতে পারেননি এমন কিছু বেসরকারি মাদরাসা শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষকদের কাছ থেকে এমপিওভুক্তকরণে আবেদন পাওয়া গিয়েছে, যাদের আবেদন বিবেচনার দাবী রাখে।

০৩. এমতাবস্থায় এমপিওভুক্ত বেসরকারি মাদরাসা শিক্ষা প্রতিষ্ঠানে গত ১৩.১১.২০১১খ্রি. তারিখের পূর্বে নিয়োগপ্রাপ্ত এবং উক্ত তারিখের পরে নিয়োগপ্রাপ্ত (কিন্তু এমপিওভুক্ত হতে পারেননি) এমন সহকারী শিক্ষক, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি(কম্পিউটার), সহকারী শিক্ষক(বিজ্ঞান) এবং আলিম স্তরে প্রভাষক (বিজ্ঞান এবং তথ্য ও যোগাযোগ প্রযুক্তি) শিক্ষকগণের তথ্যাদি যাচাই-বাছাই করে নিম্নের সংযুক্ত ছক অনুযায়ী প্রমাণকসহ (এনটিআরসিএ এর সনদ, নিয়োগপত্র, যোগদানপত্র, নিয়োগ অনুমোদনের রেজুলেশন, বোর্ড কর্তৃক বিষয় অনুমোদন ইত্যাদি) তথ্য আগামী ৩০.০৭.২০১৮ খ্রি. তারিখের মধ্যে হার্ড কপি এবং সফট কপি ই-মেইল যোগে dgdmeb@gmail.com এবং CC কপি directoraf.dme@gmail.com এবং ddfiancedme@gmail.com ঠিকানায় জরুরী ভিত্তিতে প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো। বিষয়টি অতিব জরুরী। উল্লেখ্য যে প্রেরিতব্য তথ্যের সত্যতা বিষয়ে মহোদয়ের সত্যায়ন থাকতে হবে।

নমুনা ছক

গত ১৩.১১.২০১১ খ্রিঃ তারিখের পূর্বে ও পরে এমপিওভুক্ত মাদরাসার সহকারী শিক্ষক, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি(কম্পিউটার), সহকারী শিক্ষক(বিজ্ঞান) এবং আলিম স্তরে প্রভাষক (বিজ্ঞান এবং তথ্য ও যোগাযোগ প্রযুক্তি) পদে নিয়োগকৃত এমপিওবিহীন শিক্ষকদের তালিকা ছকঃ

ক্রমিক নং	উপজেলা ও জেলার নাম	মাদরাসার নাম, এমপিও কোড ও ধরণ	নিয়োগকৃত শিক্ষকের নাম, পদবী (বিষয়ের নামসহ)	নিয়োগ ও যোগদান এর তারিখ	শিক্ষাগত যোগ্যতা	এনটিআরসিএ কর্তৃক নিবন্ধিত কিনা?	এনটিআরসিএ কর্তৃক নিয়োগকৃত কিনা?	নিয়োগ বিজ্ঞপ্তির তারিখ	মন্তব্য
১	২	৩	৪	৫	৬	৭	৮	৯	১০


17.07.18

(মোহাম্মদ শামসুজ্জামান)

সদস্য সচিব, যাচাই-বাছাই কমিটি

ও

উপ-পরিচালক (অর্থ)

মাদরাসা শিক্ষা অধিদপ্তর, ঢাকা

ফোন: ৪১০৩০১৬৪

ই-মেইল: ddfiancedme@gmail.com

জেলা শিক্ষা কর্মকর্তা (সকল)

অনুলিপি (সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে)ঃ

০১. সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, পরিবহণ পুল ভবন (৯ম তলা), ঢাকা।

০২. মাধ্যমিক শিক্ষা অফিসার (সকল) { তাঁর উপজেলার সকল মাদরাসাকে বিষয়টি অবহিত করা এবং নির্দিষ্ট তারিখের মধ্যে তথ্য প্রেরণ বিষয়টি নিশ্চিত করার অনুরোধসহ।

০৩. অধ্যক্ষ/সুপার, মাদরাসা। (সকল)

০৪. অফিস কপি।